**AKASHVANI(Kolkata)**
**Regional News Unit**

**Date: 12-12-2025** **Desk inCharg :- KL**
**Time: 1-40 PM** **Compailing:- Avirup.B / NBR**
**DEO : KB** **NRT : NBR**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১/ রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন- SIR প্রক্রিয়ার প্রথম পর্যায় শেষ হলেও জমা পড়া ফর্ম 'ক্রস চেক' বা বারবার খতিয়ে দেখার কাজ চালিয়ে যাওয়া হবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

২/ সুপ্রিম কোর্টের নির্দেশের প্রেক্ষিতে SIR-এর কাজে নিযুক্ত বুথ লেভেল আধিকারিকদের নিরাপত্তা দেওয়ার জন্য রাজ্যপাল সিভি আনন্দ বোস, রাজ্য সরকারের কাছে প্রস্তাব দিয়েছেন।

৩/ কলকাতা হাইকোর্ট, চিংড়িঘাটায় মেট্রোর বকেয়া কাজ নিয়ে উদ্ভূত সমস্যার সমাধানে আগামী বুধবার মেট্রো ভবনে বৈঠকে বসার নির্দেশ দিয়েছে।

৪/ স্কুল সার্ভিস কমিশনের নবম-দশম শ্রেণীর শিক্ষক নিয়োগের পরীক্ষায় তথ্য যাচাইয়ের জন্য ডাক পাওয়া প্রার্থীদের তালিকা আজ প্রকাশিত হতে পারে বলে প্রাথমিক শিক্ষা পর্ষদ সূত্রে জানা গেছে।

৫/ IIT খড়্গপুরে আজ শেষ হচ্ছে 'স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন ২০২৫'-এর হার্ডওয়্যার সংস্করণের গ্র্যান্ড ফিনালে প্রতিযোগিতা।

*************************************************************************

রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন (এসআইআর) প্রক্রিয়ার প্রথম পর্যায় শেষ হলেও জমা পড়া ফর্ম ক্রস চেক বা বারবার খতিয়ে দেখার কাজ চালিয়ে যাওয়া হবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। আগামী ১৬ ডিসেম্বর খসড়া ভোটার তালিকা প্রকাশের আগে পর্যন্ত এই প্রক্রিয়া চলবে। সার্বিক ভাবে খতিয়ে দেখার কাজ চললেও বিশেষ করে প্রজেনি-ম্যাপিং বা পিতামাতার নামের ভিত্তিতে নতুন ভোটার চিহ্নিতকরণ এর ক্ষেত্রটিতে বিশেষ নজর দেওয়ার নির্দেশ দিয়েছে কমিশন। রাজ্যে এই পদ্ধতিতে বিপুল পরিমাণ ভোটারের সংখ্যা উঠে আসায় এই সিদ্ধান্ত বলে কমিশন সূত্রে জানা গেছে।

উল্লেখ্য, বিএলও-র মাধ্যমে সংগৃহীত ও ডিজিটাইজড ফর্ম অনুযায়ী রাজ্যে প্রজেনি-ম্যাপিংয়ে চিহ্নিত ভোটারের সংখ্যা দাঁড়িয়েছে ৩ কোটি ৮৪ লক্ষ ৮৫ হাজার ১৬৬। অন্যদিকে, ২০০২ এর তালিকায় নিজের নাম থাকা বা সেলফ-ম্যাপিংয়ের মাধ্যমে চিহ্নিত ভোটারের সংখ্যা তার তুলনায় অনেকটাই কম। ২ কোটি ৯৪ লাখ ৫২ হাজার ৮৯৩।

***************************

এন্যুমারেশন ফর্ম জমা না করলেও মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নাম খসড়া ভোটার তালিকায় থাকবে। গতকাল এন্যুমারেশন জমা দেওয়ার শেষ দিনে কৃষ্ণনগরের জনসভা থেকে মুখ্যমন্ত্রী নিজের ফর্ম জমা না দেওয়ার কথা জানান। এরপরই শুরু হয় জল্পনা। তবে এব্যাপারে সংশয়ের কোন অবকাশ নেই বলে জানিয়েছে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর। কমিশন জানিয়েছে, বিচার বিভাগের সদস্য, নির্বাচিত জনপ্রতিনিধি, ঘোষিত সরকারি পদে থাকা ব্যক্তিত্ব, এবং শিল্প–সংস্কৃতি–সাংবাদিকতা–ক্রীড়া ও জনসেবার ক্ষেত্রের বিশিষ্ট ব্যক্তি, যাঁরা আগেই ভোটার ডেটাবেসে চিহ্নিত, তাঁদের সকলের নামই খসড়া ভোটার তালিকায় থাকবে। তবে চূড়ান্ত তালিকায় নাম নিশ্চিত করতে অন্য সকলের মতো এঁদেরও নির্ধারিত প্রক্রিয়া অনুসরণ করা

বাধ্যতামূলক। কমিশন চিহ্নিত ১৪টি নথির যেকোনও একটি নথি জমা দিলেই সংশ্লিষ্ট ব্যক্তির নাম চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হবে।

**************************

সুপ্রিম কোর্টের নির্দেশের প্রেক্ষিতে SIR-এর কাজে নিযুক্ত বুথ লেভেল আধিকারিকদের নিরাপত্তা দেওয়ার জন্য রাজ্যপাল সিভি আনন্দ বোস, রাজ্য সরকারের কাছে প্রস্তাব দিয়েছেন। লোকভবনের তরফে বলা হয়েছে, রাজ্যপালের অভিমত, BLO-রা যেহেতু একেবারে তৃণমূল স্তরে কাজ করছেন, তাই জেলা প্রশাসনের উচিত তাদের উপযুক্ত নিরাপত্তা দেওয়া। এছাড়াও রাজ্যপাল প্রস্তাব দিয়েছেন, BLO-দের নিরাপত্তার জন্য বুথ স্তরে পর্যাপ্ত সংখ্যায় পুলিশ মোতায়েন করতে সরকার, রাজ্য পুলিশকে নির্দেশ দিক। BLO-রা যাতে তাদের কাজ মসৃণ ভাবে করতে পারেন তার জন্য সরকারের প্রয়োজনীয় সহযোগিতা করা উচিত বলে রাজ্যপাল জানান।

**************************

রাজ্য সরকার বা সংশ্লিষ্ট সংস্থার কাছ থেকে আবেদন না পেলেও আগামী বিধানসভা নির্বাচনে রাজ্যের বহুতল ও আবাসনে ভোট গ্রহণ কেন্দ্র তৈরি করতে পারে নির্বাচন কমিশন। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, সব জেলা নির্বাচনী আধিকারিকের কাছ থেকে বহুতল আবাসনের বিস্তারিত তালিকা চেয়ে পাঠানো হয়েছে। কোথায় কতগুলি আবাসন রয়েছে—তার পূর্ণ তালিকা এবার নির্বাচন কমিশনের কাছে পাঠানো হবে। সেই তালিকা খতিয়ে দেখেই কমিশন নিজের ক্ষমতাবলে আবাসনগুলিতে বুথ তৈরির নির্দেশ জারি করতে পারে। সংশ্লিষ্ট আবাসনের বাসিন্দারাই সেখানে ভোট দিতে পারবেন।

**************************

রাজ্যে SIR প্রক্রিয়া শুরু হওয়ার পর থেকেই উত্তর ২৪ পরগণার ভারত-বাংলয়াদেশ সীমান্তের স্বরূপনগর হাকিমপুর দিয়ে নিয়ম মেনে বহু অনুপ্রবেশকারীদের সেদেশে ফেরত পাঠানো হচ্ছে। আজ'ও হাকিমপুর পোস্টে অনুপ্রবেশকারীদের ভিড়। তাঁদের নাম ঠিকানা, আঙ্গুলের ছাপ খতিয়ে দেখে দেশে ফেরানোর প্রক্রিয়া চলছে।

এরই মধ্যে দু'জন অনুপ্রবেশকারী আকাশবাণীকে তাঁদের কথা জানিয়েছেন।

( বাইট- দুই অনুপ্রবেশকারী)

**************************

১৫ই ডিসেম্বর থেকে বিকেল ৫-১০ মিনিটের সংবাদের সময় ৫ মিনিট বেড়ে ১০ মিনিটের হচ্ছে। একই সঙ্গে গ্রামাঞ্চলের খবর আরও বেশী করে শ্রোতাদের কাছে পোঁছে দিতে ওইদিন থেকে বেলা ১২-৩০ এবং সন্ধ্যা ৬-৩৫ মিনিটের গ্রামীণ সংবাদের সময়সীমা ৩ মিনিটের বদলে ৫ মিনিটের হবে।

**************************

কলকাতা হাইকোর্ট, চিংড়িঘাটায় মেট্রোর বকেয়া কাজ নিয়ে উদ্ভূত সমস্যার সমাধানে আগামী বুধবার মেট্রো ভবনে বৈঠকে বসার নির্দেশ দিয়েছে। বিকেল পাঁচটায় আয়োজিত ওই বৈঠকে রাজ্য, মেট্রো ও মামলার সঙ্গে যুক্ত সব পক্ষকে উপস্থিত থাকতে বলা হয়েছে। রাজ্যের অ্যাডভোকেড জেনারেল'ও ওই বৈঠকে যোগ দেবেন।

জনস্বার্থের কথা বিবেচনা করে এই বৈঠকে ইতিবাচক সিদ্ধান্ত গ্রহণ করতে হবে বলে হাইকোর্ট মত প্রকাশ করেছে। রাজ্য, মেট্রো এবং RVNL, বৈঠকে যোগদানকারী প্রতিনিধিদের নাম আজ ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থসারথি সেনের ডিভিশন বেঞ্চে জমা দেয়। মামলার পরবর্তী শুনানী ১৯শে ডিসেম্বর।

উল্লেখ্য, নিউ গড়িয়া থেকে বিমানবন্দর পর্যন্ত মেট্রো রেল সম্প্রসারণের জন্য, বেলাঘাটা থেকে গৌরকিশোর ঘোষ স্টেশনের মধ্যে মাত্র ৩৬৬ মিটারের কাজ বকেয়া রয়েছে। এর আগের বৈঠকে এ নিয়ে সিদ্ধান্ত হলেও, রাজ্য সহযোগিতা করেনি বলে অভিযোগ।

**************************

জলপাইগুড়িতে কলকাতা হাইকোর্টের বহু প্রতীক্ষিত সার্কিট বেঞ্চের স্থায়ী ভবনের উদ্বোধন হতে চলেছে আগামী ১৭ জানুয়ারি। দেশের প্রধান বিচারপতি সূর্যকান্ত ওই বেঞ্চের আনুষ্ঠানিক উদ্বোধন করতে পারেন। রাজ্যের আইন দফতরের প্রধান সচিব চিঠি দিয়ে জলপাইগুড়ির জেলাশাসক, জেলা পুলিশ সুপার, দার্জিলিং-এর জেলাশাসক এবং শিলিগুড়ি পুলিশ কমিশনারকে অনুষ্ঠানের কথা জানিয়েছেন।

উদ্বোধনের আগে প্রস্তুতি খতিয়ে দেখতে কলকাতা হাই কোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল আগামী ১৯ ডিসেম্বর জলপাইগুড়ি যাবেন। সার্কিট বেঞ্চের স্থায়ী ভবন চালু হলে বিভিন্ন মামলার নিষ্পত্তি আরো দ্রুত হবে বলে মনে করা হচ্ছে।

**************************

স্কুল সার্ভিস কমিশনের নবম দশম শ্রেণীর শিক্ষক নিয়োগের পরীক্ষায় তথ্য যাচাইয়ের জন্য ডাক পাওয়া প্রার্থীদের তালিকা আজ প্রকাশিত হতে পারে বলে প্রাথমিক শিক্ষা পর্ষদ সূত্রে জানা গেছে। ২৩ হাজার ২১২ টি শূণ্যপদের জন্য দু'লক্ষ ৯৩ হাজার ১৯২ জন প্রার্থী আছেন। একাদশ ও দ্বাদশ শ্রেণির ইন্টারভিউ প্রক্রিয়া শেষ হলেই নবম-দশমের তথ্য যাচাই শুরু হবে।

উল্লেখ্য, একাদশ ও দ্বাদশ শ্রেণীর ইন্টারভিউতে বহু যোগ্য শিক্ষক ডাক পাননি। অন্যদিকে, আদালতের নির্দেশ অনুযায়ী ৩১শে ডিসেম্বর পর্যন্ত যোগ্য শিক্ষকদের চাকরি

রয়েছে। ফলে নবম দশমের ইন্টারভিউয়ে ওই শিক্ষকরা ডাক না পেলে তাঁরা চাকরিহারা হয়ে যাবেন বলে যোগ্য শিক্ষক-শিক্ষিকাদের বক্তব্য।

**************************

আইআইটি খড়্গপুরে আজ শেষ হচ্ছে "স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন ২০২৫ - হার্ডওয়্যার সংস্করণের গ্র্যান্ড ফিনালে প্রতিযোগিতা। গত ৮ ডিসেম্বর শুরু হয়েছিল এই প্রতিযোগিতা। প্রযুক্তিগত নেতৃত্ব, উদ্ভাবন এবং জাতি গঠনের উত্তরাধিকারকে চিহ্নিত করতে একটি মাইলফলক হিসেবে এই হ্যাকাথন বিশেষ তাৎপর্যপূর্ণ।

ভারতের শিক্ষা মন্ত্রকের ইনোভেশন সেল (MIC)এবং অল-ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন (AICTE) দ্বারা আয়োজিত, স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন বিশ্বের বৃহত্তম উন্মুক্ত উদ্ভাবনী প্ল্যাটফর্মে পরিণত হয়েছে, যা উচ্চশিক্ষার শিক্ষার্থীদের মন্ত্রণালয়, সরকারি বিভাগ, শিল্প এবং এনজিওগুলির দ্বারা সৃষ্ট বাস্তব-বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলা করার ক্ষমতা তৈরী করে। ২০১৭ সালে প্রথম শুরু হয়েছিল এই প্রতিযোগিতা।

চলতি বছরে সারা ভারতের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে ২২টি টিম এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছে। আজ দুপুর তিনটের সময় পাঁচ দিন ধরে চলা এই উদ্ভাবনমূলক প্রতিযোগিতার সময় শেষ হচ্ছে এবং তারপরেই সেরা উদ্ভাবনীকে পুরস্কৃত করা হবে।

**************************

কেন্দ্রীয় সরকার অন্যান্য রাজ্যের সঙ্গে এই রাজ্যেও তাদের গণবন্টন ব্যবস্থায় খাদ্যশস্য বরাদ্দর ক্ষেত্রে পরিবর্তন আনার সিদ্ধান্ত নিয়েছে। আগামী মাস থেকে তাদের অধীনে থাকা তিন ধরনের রেশন গ্রাহকদের জন্য মাথাপিছু চালের বরাদ্দর পরিমাণ কমিয়ে গমের পরিমান বৃদ্ধি করা হবে বলে জানিয়ে খাদ্য মন্ত্রকের তরফে রাজ্য খাদ্য দপ্তরকে চিঠি দেওয়া হয়েছে বলে সরকারি সূত্রে জানা গিয়েছে। কার্ড পিছু চালের পরিমান যতটা

কমানো হবে গমের বরাদ্দ সমপরিমাণ বাড়ানো হবে বলে চিঠিতে উল্লেখ করা হয়েছে। অন্তোদ্যয় অন্ন যোজনা র কার্ডে পরিবার পিছু ২১ কেজি র পরিবর্তে ১৫ কেজি করে চাল ও ১৪ কেজি র পরিবর্তে ২০ কেজি করে গম দেওয়া হবে বলে জানানো হয়েছে।

অন্যদিকে, প্রায়োরিটি হাউজহোল্ড (PHH) কার্ডে মাথাপিছু তিন কেজির পরিবর্তে দু-কেজি করে চাল ও দুই কেজির পরিবর্তে তিন কেজি করে গম দেওয়া হবে বলে জানানো হয়েছে।

**************************

কলকাতার শ্যামাপ্রসাদ মুখার্জি বন্দর কর্তৃপক্ষ রেলভিত্তিক পণ্য পরিবহণ পরিকাঠামো উন্নয়নের লক্ষ্যে বড় পদক্ষেপ গ্রহণ করছে। বন্দরের সাধারণ কার্গো ডিপো ইয়ার্ডে নতুন একটি কার্গো টার্মিনাল তৈরির জন্য ১৫ বছরের জন্য বেসরকারি অংশীদারদের কাছ থেকে প্রস্তাব চেয়ে দরপত্র আহ্বান করা হয়েছে। নতুন টার্মিনালের মাধ্যমে রেলের সাহায্যে বন্দরে পণ্য পরিবহণ বাড়ানোর পরিকল্পনা নেওয়া হয়েছে। সংশ্লিষ্ট বেসরকারি অপারেটরকে ২৪ ঘণ্টা চালু রাখার উপযোগী টার্মিনাল গড়ে তুলতে হবে। ১৩ কোটি টাকার বেশি মূল্যের প্রস্তাবিত এই প্রকল্প চালু হলে কলকাতা বন্দরের দক্ষতা বাড়বে। পাশাপাশি দ্রুত রেলপথে পণ্য চলাচলের পথ প্রশস্ত হবে বলে আশা করা হচ্ছে।

**************************

রোগী মৃত্যুকে কেন্দ্র করে দক্ষিণ ২৪ পরগণার মথুরাপুর ব্লক হাসপাতালে আজ সকালে উত্তেজনা ছড়ায়। চিকিৎসায় গাফিলতির অভিযোগ তুলে, দীর্ঘক্ষণ হেনস্থা করা হয় হাসপাতালের চিকিৎসককে। এর জেরে প্রায় তিন ঘন্টার বেশী সময় আটকে থাকে চিকিৎসা পরিষেবা। আজ ভোরে জ্বর ও সর্দি কাশি নিয়ে ওই হাসপাতালে এক বছরের এক শিশুকে ভর্তি করা হয়। শারীরিক অবস্থার অবনতির ফলে ডায়মন্ড হারবার মেডিক্যাল কলেজে নিয়ে যাওয়া হলেও, শিশুটির মৃত্যু হয়। এরপরই ক্ষোভে ফেটে

পড়েন রোগীর পরিজনরা। বিশাল পুলিশ বাহিনী পরিস্থিতি সামাল দেয়। ঘটনায় একজনকে আটক করা হয়েছে।

**************************

জলপাইগুড়ির ময়নাগুড়ি ব্লকের রামসাই চটুয়া বস্তি থেকে গতকাল একটি কিং কোবরা উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। স্থানীয় দশরথ ওঁরাও নামে এক ব্যক্তির ধান ক্ষেতে বড় আকারে ওই সাপটি দেখতে পেয়ে বাসিন্দারা বন দফতরে খবর দেয়। উদ্ধার হওয়া কিং কোবরাটির দৈর্ঘ্য প্রায় ১২ ফুট। সেটি রাতেই গরুমারা জঙ্গলে ছেড়ে দেওয়া হয়েছে।

**************************

পশ্চিম বর্ধমানের বাশকোপার টোল প্লাজায় ৬টি বাজপাখি উদ্ধার হয়েছে। বনদপ্তর সূত্রের খবর, বিহার থেকে একটি চারচাকা গাড়িতে করে পাচারের উদ্দেশ্যে বাজপাখি নিয়ে যাওয়া হচ্ছিল। গোপন সূত্রে খবর পেয়ে বর্ধমান বন বিভাগের দুর্গাপুর রেঞ্জের একটি দল অভিযান চালিয়ে বাঁশকোপা টোল প্লাজার কাছে গাড়িটিকে আটক করে বনকর্মীরা। ধৃত শেখ ওয়াজেদ নামে ওই গাড়ী চালক বর্ধমানের দুবরাজদিঘি এলাকার বাসিন্দা। ধৃতকে আজ দুর্গাপুর আদালতে পেশ করা হলে শর্তসাপেক্ষে জামিন মঞ্জুর করা হয়।

**************************

রাজ্যজুড়ে আগামী কয়েকদিন শীতের আমেজ একই রকম থাকবে বলে আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে। পশ্চিমের জেলাগুলিতে সর্বনিম্ন তাপমাত্রা ১১ থেকে ১৩ ডিগ্রীর মধ্যে থাকার সম্ভাবনা।

অন্যদিকে, কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৪ দশমির ৮ ডিগ্রী সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে ১ দশমিক ৩ ডিগ্রী কম। উত্তরবঙ্গের জেলাগুলিতে সকালের দিকে কুয়াশার পূর্বাভাস রয়েছে।

এদিকে, শহরের বায়ুর গুণমান সূচক AQI যথেষ্ট উদ্বেগজনক। কলকাতার ভিক্টোরিয়া ও ময়দান এলাকায় আজ সকালে AQI ছিল ৩৫৯ মাইক্রোগ্রাম, যা অতি খারাপ বলে বিবেচিত হয়।

**********************************************************************